# বন্দী বিদেশী নাগরিকদের মুক্তি এবং ফেরত পাঠানোর স্কিমস – তথ্য

এই তথ্যপত্রে কারাগারে আটক বিদেশী নাগরিকদের মুক্তি এবং তাদেরকে নিজ দেশে ফেরত পাঠানোর কতিপয় পরিকল্পনা (স্কিম) সম্পর্কে ব্যাখ্যা করা হয়েছে৷ প্রত্যেকটি স্কিম সম্পর্কে প্রাথমিক তথ্য প্রদানের উদ্দেশ্যে এটি প্রনয়ন করা হয়েছে৷ বিস্তারিত তথ্যের জন্য আপনাকে কারাগারের কোন কর্মচারী অথবা বিদেশী নাগরিকদের বিষয়াদি সম্পর্কে জানে এমন কোন এজেন্সির সাথে কথা বলতে হবে৷

নিচে উল্লেখিত মগুলোর কোন একটি অনুযায়ী আপনাকে অপসারণ বা বহিস্কার নাও করা হয়, তথাপি আপনার সাজার মেয়াদ শেষে আপনাকে বিতাড়িত করা হতে পারে৷

## আর্লি রিলিজ স্কিম (নির্ধারিত সময়ের আগে মুক্তি)

আর্লি রিলিজ স্কিম (ইআরএস) হচ্ছে এমন একটি স্কিম যার মাধ্যমে বন্দী বিদেশী নাগরিকদেরকে (এফএনপি) তাদের সাজার মেয়াদ পূর্ণ হওয়ার আগেই যুক্তরাজ্য থেকে বিতাড়ন করা হয়৷

- নির্দিষ্ট মেয়াদের সাজা খাটছেন এমন বন্দী বিদেশী ক ইআরএসের জন্য বিবেচনা করা উচিত৷
- জেলখানা থেকে বিদেশী বন্দীর সম্পর্কে তথ্য হোম অফি জানানো হবে, তারা সিদ্ধান্ত নেবে সংশ্লিষ্ট বন্দীকে আর্লি রিলিজ মের আওতায় মুক্তি প্রদান করা হবে কিনা৷
- আর্লি রিলিজ মের মাধ্যমে কোন বিদেশী বন্দীকে তার মোট সাজার অর্ধেক মেয়াদ পূর্ণ হওয়ার সর্বোচ্চ ২৭০ দিন আগে বিতাড়ন করা যেতে পারে, তবে শর্ত মোট সাজার এক চতুর্থাংশ মেয়াদ পূর্ণ বে৷
- যেহেতু আর্লি রিলিজ স্কিমটি স্বেচ্ছাধীন (ভলান্টারী) তাই যারা ডিপোর্টেশন বিষয়ে মামলা লড়ছেন তাদের ক্ষেত্রে এই স্কিমটি প্রযোজ্য হবে না৷
- বিদেশী বন্দীদের মধ্যে যারা ইআরএস মের যোগ্য নয় তাদের মধ্যে
    - যারা আগের বারে প্রাপ্ত মুক্তির কোন শর্ত ভঙ্গের কারণে সাজা খাটছে (যেমন; টেম্পোরারী লাইসেন্স, হোম ডিটেনশন কার্ফিউয়ের আওতায় মুক্তিপ্রাপ্ত ব্যক্তি);
    - যেসব বন্দী জরিমানার অর্থ পরিশোধ করে নাই বা কনফিসকেশন অর্ডার (বাজেয়াপ্তির আদেশ) মেনে চলে নাই;
    - সাজা দেওয়ার সময়, যেসব বন্দীর মোট সাজার অ চেয়ে ১৪ দিনের কম সময় অবশিষ্ট থাকে৷
- বিশেষ পরিস্থিতিতে প্রিজন সার্ভিস আর্লি রিলিজ আওতায় প্রাপ্ত মুক্তির বিষয়টি প্রত্যাখ্যান করতে পারে৷ এই ধরণের পরিস্থিতির মধ্যে রয়েছে বিদেশী বন্দীর আরও ফৌজদারী অপরাধ সংগঠনের উদ্দেশ্য রয়েছে এমন সুস্পষ্ট প্রমাণ থাকা, জেলখানায় A শ্রেণীভুক্ত মাদকদ্রব্যের কারবারে সংশ্লিষ্ট থাকা, সহিংস আচরণের প্রমাণ অথবা জেলখানায় অবস্থানকালে একাধিকবার সহিংসতার হুমকি প্রদান করলে কিংবা সন্ত্রাসী কর্মকাণ্ডের কারণে বা সন্ত্রাসমূলক অপরাধে জড়িত থাকার কারণে সাজা খাটতে থাকলে৷
- ইআরএসের আওতায় আপনাকে যদি যুক্তরাজ্য থেকে বিতাড়ন করা হয়ে থাকে এবং সাজার মেয়াদকাল শেষ হওয়ার আগে যদি আপনি ফিরে আসেন তাহলে আপনাকে পূনরায় গ্রেফতার করে কারাগারে প্রেরণ করা হতে পারে৷
- এমনকি আপনার সাজার মেয়াদ উত্তীর্ণ হলেও নুন্যতম পাঁচ বছরের জন্য যুক্তরাজ্যে আপনার প্রবেশে নিষেধাজ্ঞা থাকবে৷ এই নিষেধাজ্ঞার মেয়াদ শেষ হওয়ার পরেই আপনি যুক্তরাজ্যে ফিরে আসার জন্য আবেদন করতে পারেন৷ তবে ক্রিমিন্যাল রেকর্ড থাকায় আপনার আবেদনটি প্রত্যাখ্যাত হওয়ার সম্ভাবনা খুব বেশী৷
- ইআরএসের আওতায় বন্দীদের মুক্তির বিষয়টি প্রত্যাখ্যান হলে বন্দীরা প্রিজন সার্ভিস কমপ্লেইন্টস সিস্টেম অনুযায়ী অভিযোগ দায়ের করতে পারবেন৷
- ইআরএস প্রক্রিয়া চলাকালীন যেকোনো সময় বন্দী নাম প্রত্যাহার করতে পারেন৷

প্রিজন সার্ভিস ইন্সট্রাকশন ০৪/২০১৩তে ইআরএস সম্পর্কিত বিষয়ে আরো তথ্যাদি পাওয়া যাবে৷

## ট্যারিফ এক্সপায়ার্ড রিমোভাল স্কিম (ফৌজদারী অপরাধে সাজার মেয়াদ উত্তীর্ণের পর অপসারণ)

ট্যারিফ এক্সপায়ার্ড রিমোভাল স্কিম (টিইআরএস) এর মাধ্যমে অনির্ধারিত বা যাবজ্জীবন সাজাপ্রাপ্ত বিদেশী কয়েদীদেরকে (আইএফএনপি) তাদের সাজার মেয়াদ শেষ হওয়া মাত্র অথবা শেষ হওয়ার পরে সম্ভাব্য স্বল্প সময়ের মধ্যেই অপসারণ করার সুযোগ হয়।

- অপসারণযোগ্য সকল আইএফএনপিদেরকে ন্যাশন্যাল অফেন্ডার ম্যানেজমেন্ট সার্ভিস (এনওএমএস)এর অন্তর্গত পাবলিক প্রোটেকশন কেইসওয়ার্ক সেকশন কর্তৃক এই স্কিমের জন্য বিবেচনা করা হবে।

- ট্যারিফ এক্সপায়ার্ড রিমোভাল স্কিম (টিইআরএস)টি স্বেচ্ছামূলক, তাই যারা ডিপোর্টেশন মামলা মোকাবেলা করছেন তাদেরকে এই স্কিমের অধীনে বহিস্কার করা যাবে না।

- টিইআরএস স্কিমের আওতায় যেসব বিদেশী কয়েদী মুক্তি পাওয়ার অনুপযুক্ত তারা হলেন:
    - যেসব বিদেশী কয়েদী আরো কোনো ফৌজদারী অপরাধের মোকাবেলা করছেন অথবা বাজেয়াপ্ত আদেশের কিংবা বাজেয়াপ্ত করার মামলার অধীন রয়েছেন। ব্যতিক্রম বিবেচনা করা যেতে পারে, উদাহরণস্বরূপ কোন কয়েদী যদি সূদীর্ঘকাল সাজা ভোগ করেছেন এবং পাওনা অর্থের পরিমান তুলনামূলক কম হয়।
    - বিদেশী কয়েদী অন্য কোন ফৌজদারী অপরাধ সংগঠনের পরিকল্পনা করছেন এমন সুস্পষ্ট প্রমাণ থাকলে।
    - যারা সন্ত্রাসী কর্মকাণ্ডের কারণে বা সন্ত্রাসমূলক অপরাধে জড়িত থাকার কারণে সাজা খাটছেন।

প্রিজন সার্ভিস ইন্সট্রাকশন ১৮/২০১২তে টিইআরএস সম্পর্কিত বিষয়ে আরো তথ্যাদি পাওয়া যাবে।

## ফ্যাসিলিটেইটেড রিটার্ন স্কিম (প্রত্যাবর্তন সহায়তা স্কিম)

ফ্যাসিলিটেইটেড রিটার্ন স্কিম (এফআরএস) হচ্ছে একটি স্বেচ্ছামূলক স্কিম যার মাধ্যমে নিজ দেশে ফেরত যাচ্ছে এমন বিদেশী বন্দীদেরকে আর্থিক সহায়তা প্রদান করা হয়।

- এফআরএস কেবলমাত্র ইউরোপিয়ান ইকনোমিক এরিয়ার বাইরের দেশের বন্দীদের জন্য প্রযোজ্য।
- এই স্কিমটি আর্লি রিলিজ স্কিম (ইআরএস) এর সাথে কার্যকর, তাই যারা এই স্কিমের আওতায় বিবেচিত হবেন তারা তাদের মোট সাজার অর্ধেক মেয়াদ পূর্ণ হওয়ার সর্বোচ্চ ২৭০ দিন আগে ফেরত যেতে পারবেন।
- এই স্কিমে যেসব বিদেশী কয়েদী নিজ নিজ দেশে ফেরত যেতে রাজী হবেন এবং বিতাড়নের বিরুদ্ধে আপীল করার অধিকার ত্যাগ করবেন তাদেরকে অর্থ প্রদান করা হবে এবং পুনর্বাসনের ব্যাপারে সহায়তা দেয়া হবে।

নিম্নবর্ণিত বিদেশী কয়েদীরা এফআরএসের জন্য নির্বাচিত হবে না:

- যেসব বিদেশী কয়েদী চার বছর বা তার বেশী মেয়াদী সাজা ভোগ করছে
- যেসব বিদেশী কয়েদী এফআরএসের জন্য ইতোপূর্বে দুইবার আবেদন করেছে এবং পরবর্তীতে আবেদন প্রত্যাহার করেছে।
- যেসব বিদেশী কয়েদী জুডিশিয়াল রিভিউসহ ইমিগ্রেশন এন্ড এসাইলাম চেম্বারের ফার্স্ট-টায়ার ট্রাইব্যুনালের বাইরে তাদের বিতাড়নের আদেশের বিরুদ্ধে আপীল করেছে। এটি আপনার ক্ষেত্রে প্রযোজ্য হবে কিনা জানার জন্য আপনার আইনজীবির সাথে কথা বলতে পারেন।

| এফআরএসের আওতায় আপনি কি পেতে পারেন | আপনি কারাদণ্ড ভোগ করতে থাকলে | আপনি দণ্ড ভোগ শেষ করে থাকলে |
|---|---|---|
| যখন আপনি যুক্তরাজ্য ত্যাগ করবেন | £500 | £500 |
| যখন আপনি আপনার নিজ দেশে ফিরে যাবেন | £1,000 | £250 |

- সিঙ্গেল প্যারেন্টগণ (এককভাবে সন্তানের দ্বায়িত্বে থাকা) তাদের সাথে ফেরত যাচ্ছে এমন প্রতিটি সন্তানের জন্য অতিরিক্ত £100 পেতে পারে। এই অর্থ ফেরত যাওয়ার সময় প্রদেয় £500 এর সাথে ক্যাশ কার্ডে যোগ করা হবে।
- এই অর্থ একটি ক্যাশ কার্ডে জমা করা হবে। দেশে ফেরত যাওয়ার সময় £500 এয়ারপোর্টে আপনাকে তুলতে দেয়া হবে বাকী অর্থ আপনি আপনার নিজ দেশে গিয়ে পৌছার এক মাস পরে ক্যাশ কার্ডে যোগ করা হবে।
- এফআরএসের অধীনে ফেরত গেলে আপনার নিজ দেশের কর্তৃপক্ষের কাছে জানানো হবেনা যে আপনি এই স্কিম থেকে অর্থ পেয়েছেন।
- আপনার মত পরিবর্তন হলে যেকোনো সময় এই স্কিম থেকে নাম প্রত্যাহার করতে পারেন।
- জেলখানার কর্মীদের কাছ থেকে অথবা হোম অফিসের এফআরএস টিমের সাথে 020 8760 8513 নম্বরে এবিষয়ে সহায়তার জন্য আবেদন জানাতে পারেন।
- এফআরএসের আওতায় অপসারণ বিতাড়ন হিসাবে গন্য হবে। যার অর্থ হচ্ছে যুক্তরাজ্যে পুনরায় প্রবেশ করার ব্যাপারে নিষেধাজ্ঞা থাকবে, যা সাধারণত বিতাড়ন আদেশে বর্ণিত তারিখ থেকে কমপক্ষে পাঁচ বছর পর্যন্ত। এমনকি নিষেধাজ্ঞার মেয়াদ শেষ হওয়ার পরেও যুক্তরাজ্যে ফিরে আসার জন্য আবেদন ক্রিমিন্যাল রেকর্ড এবং খারাপ চরিত্রের জন্য প্রত্যাখ্যাত হতে পারে।

## প্রিজনার ট্রান্সফার (কয়েদী স্থানান্তর)

যদি আপনার নিজ দেশ এবং যুক্তরাজ্যের মধ্যে কোন চুক্তি বলবত থাকে সেক্ষেত্রে আপনি আপনার নিজ দেশে গিয়ে সাজা ভোগ করার ব্যাপারে আবেদন জানাতে পারেন। এটি বন্দী স্থানান্তর নামে পরিচিত।

সাধারণত, বন্দী স্থানান্তর চুক্তির অধীনে বন্দীকে সাজা ভোগের জন্য নিজ দেশে পাঠাতে হলে তাকে স্বেচ্ছায় নিজ দেশে স্থানান্তর চাইতে হবে। অবশ্য কিছু কিছু ইউরোপীয় দেশের সাথে নতুন চুক্তি হয়েছে যেখানে বন্দীদের সম্মতি ছাড়াই তাদেরকে তাদের নিজ নিজ দেশের কোনো কারাগারে স্থানান্তর করা যাবে। আপনাকে যদি হোম অফিস থেকে জানানো হয় যে আপনার নিজ দেশের কোনো কারাগারে আপনাকে স্থানান্তর করার উদ্যোগ নেয়া হচ্ছে এবং আপনার যদি তাতে সম্মতি না থাকে সেক্ষেত্রে আপনার সামনে কোন পথ খোলা আছে তা জানতে আইনী পরামর্শ নেওয়া উচিৎ।

- যেসব দেশের সাথে যুক্তরাজ্যের বন্দী স্থানান্তর চুক্তি রয়েছে সেসব দেশের তালিকা এবং স্বেচ্ছায় স্থানান্তর হওয়ার জন্য আবেদনপত্র প্রিজন সার্ভিস ইন্সট্রাকশন ৫২/২০১১এ পাওয়া যাবে।

- আপনার নিজ দেশে স্থানান্তরিত করার পরে আপনি মুক্তি পাবেন না; এর মাধ্যমে কেবল আপনার সাজার মেয়াদের যেটুকু বাকী আছে সে অংশ সেখানে গিয়ে ভোগ করবেন।

- আপনি যদি স্বেচ্ছায় অবশিষ্ট সাজা নিজ দেশে গিয়ে ভোগ করতে আগ্রহী হন সেক্ষেত্রে আপনাকে মনে রাখতে হবে এটি একটি ধীরগতির প্রক্রিয়া এবং সিদ্ধান্তের জন্য সাধারনত কমপক্ষে ছয় মাস সময় লাগে। যদি আপনার সাজা চার বছর বা তার বেশী না হয় এবং অভোগকৃত সাজার পরিমান কমপক্ষে ছয় মাস বাকী না থাকে সেক্ষেত্রে এই স্কিমের চিন্তা না করা ভাল।